উপজেলা পরিষদ

মেলান্দহ , জামালপুর।

## মে/২০২২ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ কামরুজ্জামান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ , মেলান্দহ, জামালপুর।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ : ২৯ /০৫/২০২২ খ্রি:

সময় : বেলা ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" এবং অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "খ"।

সভার প্রারম্ভে সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনায় স্ব স্ব বিভাগের ষ্ট্যান্ডিং কমিটির সুপারিশ সভা অনুষ্ঠানের পূর্বে জমা প্রদানের বিধান থাকলেও যথাসময়ে না পাওয়ায় প্রতিটি দপ্তর থেকে ওয়ার্কিং পেপার দাখিলের জন্য সকল দপ্তর প্রধানদের অনুরোধ জানান।

গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি না থাকায় উহা সর্ব সম্মতি ক্রমে অনুমোদিত হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | জনপ্রশাসন | উপজেলা নির্বাহী অফিসার সভায়, চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ এর পক্ষ ২০২২-২৩ অর্থ বছরের মেলান্দহ উপজেলা পরিষদের বার্ষিক বাজেট ও বার্ষিক পরিকল্পনা এই সভায় অনুমোদনের জন্য পেশ করেন। | বিস্তারিত আলোচনান্তে বার্ষিক বাজেট ও বার্ষিক পরিকল্পনা এই সভায় সর্ব সম্মতি ক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন সমস্যা নেই। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ৩ | পরিবার পরিকল্পনা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন সমস্যা নেই। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা প:প: কর্মকর্তা |
| ৪ | কৃষি | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ১) প্রদর্শনী বাস্তবায়নঃ এই মাসে বিভিন্ন ফসলের ৪০ জন কৃষকের মাঝে ৪০টি প্রদর্শনী বাস্তবায়ন করা হয়। ২) মাঠ দিবস: বিভিন্ন ফসলে এবং এফএফএস এর মাঝে ০৯টি মাঠ দিবস করা হয়। উক্ত মাঠ দিবসে ১৩৫০ জন কৃষক উপস্থিত ছিলেন। ৩) কৃষক প্রশিক্ষণ: ০২ ব্যাচ কৃষক প্রশিক্ষণ করা হয়। কৃষক সংখ্যা ২X ৩০ = ৬০ জন। ৪) আউশ প্রণোদনা: ৫১০ জন কৃষককে আউশ প্রণোদনা দেওয়া হয়। প্রতিজন কৃষককে ০৫ কেজি উফশী বীজ, ২০ কেজি ডিএপি সার এবং ১০ কেজি এমওপি সার দেওয়া হয়। ৫) মাঠে কৃষককে নিবিড় পরামর্শ দেওয়া হচ্ছে । | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ১) ০১ নভেম্বর/২০২১ হতে ৩০জুন /২০২২ পর্যন্ত জাটকা নিষিদ্ধি সময়কালের অংশ হিসেবে বাজার আড়তে অভিযান পরিচালনা, মনিটরিং, লিফলেট বিতরণ ও মাছ বাজারে ব্যানার লাগানোর মাধ্যমে প্রচারণা। ২) এপ্রিল হতে মে/২০২২ পর্যন্ত মেলান্দহ উপজেলায় ০৩ (তিন) জন মৎস্য খাদ্য বিক্রেতাকে লাইসেন্স প্রদান করা হয়েছে। ৩) মে/২০২২ মাসে মাঠ পরিদর্শন ও উপজেলা মৎস্য দপ্তর হতে বিভিন্ন এলারকার ১৩ জন মৎস্য চাষিকে মাছ চাষ বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। ৪) ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ-২ প্রজেক্ট (এনএটিপি-২) প্রকল্পের আওতায় এআইএফ-২ ফান্ড হতে টুপকারচর সিআইজি (মৎস্য) সমবায় সমিতি লি: এর অনুকুলে ০১ (এক) টি পিক-আপ ভ্যান (মৎস্য পরিবহনযোগ্য পিক-আপ ক্রয় ও পরিচালনা প্রকল্প) প্রাপ্তির প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ৫) এনএটিপি-২ এবং ইউনিয়ন প্রকল্পের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | বিষয়গুলো সভায় আলোচনা করা হলো, আলোচনান্তে, জাটকা নিষিদ্ধি সময়কালে অভিযান পরিচালনা ও মৎস্য চাষিদের কে মৎস্য চাষ বিষয়ে পরামর্শ প্রদান অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | প্রাণি সম্পদ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান, যে মে/২২ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৯৫৫টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা ৩৮৫টি, গবাদিপশুর চিকিৎসা প্রদান সংখ্যা ২২০০টি, খামারি প্রশিক্ষন প্রদান বিভিন্ন দপ্তর কর্তৃক আয়োজিত ৪০ জন, খামার পরিদর্শন ১৫টি, উঠান বৈঠকের আয়োজন (সংখ্যা) ৫টি, অংশগ্রহণকারীর সংখ্যা ৫৫ জন, রাজস্ব আদায় টিকা এবং সিমেন সরবরাহ করে ৪৮৭০০ টাকা। | উপজেলা প্রাণি সম্পদ কর্তৃক প্রাপ্ত সেবাগুলো অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |

চলমান-২-

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, গ্রামিণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) নির্বাচনী এলাকা ভিত্তিক তৃতীয় পর্যায় এবং উপজেলা পরিষদ ওয়ারী ৩তীয় পর্যায়ের প্রকল্পের কাজ চলমান। গ্রামিণ অবকাঠামো সংস্কার (কাবিটা)/(কাবিখা) নির্বাচনী এলাকা ভিত্তিক এবং উপজেলা পরিষদ ওয়ারী প্রকল্পের কাজ চলমান। সেতু/ব্রীজ কালভার্ট: মোট ৬টি ব্রীজ এর মধ্যে ৫টির কাজ চলমান। বীর মুক্তিযোদ্ধাদের ঘরের কাজ চলমান। | চলমান কাজগুলো সঠিক সময়ের মধ্যে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সামজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় সকল ভাতা জুন/২২ ইং পর্যন্ত বিতরণের জন্য পে-রোল সম্পন্ন করা হয়েছে। আর্থিক সহায়তা বাবদ প্রাপ্ত ১৫ জনের ৫১,০০০/- টাকা চেক বিতরণ করা হয়েছে। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৯ | উপজেলা প্রা: শিক্ষা | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানা যে, সরকারি প্রাথমিক বিদ্যালয় এর পাঠদান কার্যক্রম চলমান, ক্লাস্টার পর্যায়ে মাসিক সমন্বয় সভা ০৫টি, বিদ্যালয় পরিদর্শন ৪৫টি, আন্ত প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সংস্কৃতিক প্রতিযোগিতা ২০২২ স্কুল পর্যায়ে চালু করা হয়েছে। | বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা |
| ১০ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিজিডি বিতরণ চলছে এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন সমস্যা নেই। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | স্থানীয় সরকার | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের প্রবেশ গেইট ও সীমানা প্রাচীর মেরামত, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীর মেরামত , উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষ মেরামত, উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ মেরামত, উপজেলা পরিষদের হলরুম মেরামত এর জন্য ২০২১-২২অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে উপজেলা উন্নয়ন সহয়তা থোক বরাদ্দ পাওয়া গেছে। দরপত্র এর মাধ্যমে উল্লেখিত কাজ গুলো করার জন্য এই সভার অনুমোদন প্রয়োজন। এছাড়া তিনি সভায় আরোও জানান যে, মাহমুদপুর ইউনিয়ন ভূমি অফিস এর জন্য নতুন ভবন নির্মাণ করা হবে, উক্ত স্থানে পুরাতন একটি টিনসেড ঘর থাকায় তা নিলামে বিক্রয় করার জন্য অনুমোদন প্রয়োজন। | বিষয়টি সভায় আলোচনা করা হলো, আলোচনান্তে, যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে দরপত্র আহ্বান এর মাধ্যমে মেরামত , কাজগুলো করা, পুরাতন টিনসেড ঘরটি নিলামে বিক্রয় এর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৩ | জনস্বাস্থ্য | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ১। নলকূপের বরাদ্দ প্রতি ইউনিয়নে ২৬ টি করে মোট ২৮৬ টি পাওয়া গেছে। টেন্ডার প্রক্রিয়াধীন। ২। জিপিএস, এনএনজিপিএস ও পিইডিপি-৪ প্রকল্পের ওয়াশ ব্লক এর ৭টি প্রাথমিক বিদ্যালয়ে কাজ চলমান। এনএনজিপিএস, জিপিএস এর ১৩টি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লকের কাজের টেন্ডার প্রক্রিয়াধীন ৩। তিন পৌরসভার প্রকল্পের আওতায় মেলান্দহ পৌরসভায় ট্রিটম্যান্ট প্ল্যান্ট, ওয়াটার পয়েন্ট, ড্রেন, পাইপ লাইন ও পাম্প হাউজের কাজ চলমান। ৪। মুজিব বর্ষের আশ্রায়ন প্রকল্পে (২য় পর্ব) ১৮টি অগভীর নলকূপের কাজ চলমান ও মুজিব বর্ষের আশ্রায়ন প্রকল্পের বিচ্ছিন্ন ঘরের ১৯টি অগভীর নলকূপের কাজ চলমান আছে। ৫। ২০২১-২০২২ মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ০৯টি হাত ধোয়ার ষ্টেশন ও ০৪টি পাবলিক টয়লেট এবং পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৭টি কমিউনিটি বেইসড আর্সেনিক আয়রন রিমুভাল প্লান্ট এর কাজ চলমান আছে। | চলমান কাজগুলো নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৪ | সমবায় | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, মেলান্দহ উপজেলায় সমবায় বিভাগীয় বিভিন্ন ক্যাটাগরীর ২০৫ টি সমবায় সমিতি রয়েছে। ২০২০-২০২১ সালের অডিট কার্য সম্পন্ন করা হয়েছে । অত্র উপজেলায় ০১ টি আশ্রয়ণ প্রকল্প ও ০২ টি আশ্রয়ণ প্রকল্প ফেইজ-০২ রয়েছে। উক্ত আশ্রয়ণ প্রকল্পে ঋণ আদায় কার্য অব্যাহত আছে। সমবায় অধিদপ্তরের অধিদপ্তরের আওতাধীন সিভিডিপি প্রকল্পে অত্র উপজেলায় ৬০ টি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতিতে ৬০ জন গ্রামকর্মী কাজ করছেন। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন সমস্যা নেই। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

চলমান-৩-

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | ফরেস্টার | উপজেলা ফরেস্টার সভায় জানান যে, SUFAL (সুফল) প্রজেক্ট এর আওতায় ২০২১-২২ইং আর্থিক সনে বরাদ্দকৃত ৩.০ কি:মি: রাস্তা বনায়ন (৩০০০টি বনজ চারা গাছের জন্য) ৪নং নাংলা ইউনিয়নের ৪নং ওয়ার্ড এর বাসুদেবপুর গ্রামে আব্দুল মজিদ এর বাড়ী হতে কাঠালতলা বাজার হয়ে তাজুর বাড়ী হয়ে কাওরাবাঈ মাথা পর্যন্ত ৩.০ সিডলিং কি.মি রাস্তা বনায়নের জন্য স্থান নির্ধারণ ও বরাদ্দ পাওয়া গেছে। | বরাদ্দ অনুযায়ী ৩.০ কি.মি রাস্তা বনায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ফরেস্টার |
| ১৭ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, সারা দেশের সাথে সমন্বয় রেখে মেলান্দহ উপজেলায় শিক্ষা সপ্তাহ কাজ যথাযথ ভাবে সম্পন্ন করা হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে টিনএজার শিক্ষার্থীদের নিয়ে বেপরোয়া গতিতে মটর সাইকেল চালানো, ইভটিজিং, বাল্য বিবাহ আত্মহত্যা প্রতিরোধে সচেতনতা মূলক মতবিনিময় সভার কাজ আরম্ভ করা হয়। | সচেতনতামূলক কাজগুলো অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১৮ | খাদ্য কর্মকর্তা | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে,.১. ভি.জি.ডি কর্মসূচি- গত জুলাই/২১ খ্রি: হতে জুন/২২খ্রি: পর্যন্ত ভি.জি.ডি কার্যক্রমের জন্য বরাদ্দ পাওয়া গেছে, ২.বোর সংগ্রহ- অভ্যন্তরীণ বোর সংগ্রহ/২১-২২ চাল বরাদ্দ, ৫৭৩৭.০০০ মে:টন। ধান বরাদ্দ, ২৮৬৮.০০০ মে:টন। সংগ্রহের সময় সীমা ২৮/০৪/২০২২ ইং হতে ৩১/০৮/২০২২ ইং পর্যন্ত। ৩. ও.এম.এস- কার্যক্রম সমাপ্ত, ৪. কাবিখা- নির্বাচনী এলাকা ও উপজেলা ওয়ারী কাবিখা কার্যক্রম প্রথম পর্যায়ে বরাদ্দ পাওয়া গেছে। ৫. ফুডগ্রেইন লাইসেন্স- ফুডগ্রেইন লাইসেন্স ও মজুদ বিরোধী অভযান। | বিভিন্ন বাজার ও রাইস মিলে অতিরিক্ত মজুদ আছে কিনা তা মনিটরিং অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৯ | ইউজিডিপি | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ইতোমধ্যে শেষ হয়েছে এবং বিল ভাউচার প্রশিক্ষণ প্রতিবেদনসহ প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। অবকাঠামো উন্নয়ন কাজ চলমান রয়েছে, এছাড়া উপজেলা বিভিন্ন উপজেলা কমিটির সভা নিয়মিত করার জন্য ভাইস চেয়ারম্যানসহ বিভাগীয় প্রধানদের দৃষ্টি আকর্ষণ করেন। | ১৭টি বিভাগের উপজেলা কমিটির মিটিং নিয়মিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| ১৯ | বিবিধ | ১. চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-০১ শাখা-এর স্মারক নং-০৬; তারিখ: জানুয়ারি ২০২২অনুযায়ী মেলান্দহ উপজেলা পরিষদের পুরাতন জীপগাড়ি অকেজো ঘোষণা ও নিলামে বিক্রয়ের অনুমতি প্রদান করা হয়। এছাড়া সংশ্লিষ্ট মন্ত্রণালয় মারফত জানতে পারি জুনের প্রথমে সপ্তাহে ডিজেল চালিত জীপ গাড়ি হস্তান্তর করবে, এমতাবস্থায় মেসার্স জাবেদ ফিলিং ষ্টেশন বিসিক শিল্প এলাকা, জামালপুর, ডিলার- পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড হতে গ্যাস বাবদ বকেয়া বিল পরিশোধ করে, মেসার্স ইসলাম পেট্রোলিয়াম প্রো: মো: নজরুল ইসলাম আকন্দ চরপলিশা হতে ডিজেল সরবরাহ করার জন্য এই সভায় অনুমোদন প্রয়োজন।<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ মেলান্দহ, সভায় জানান যে, চেয়ারম্যান, ২নং কুলিয়া ইউনিয়ন পরিষদ এর বিরুদ্ধে গরু দেওয়ার লোভ দেখিয়ে টাকা গ্রহণ এর অভিযোগ এসেছে, বিষয়টি তদন্ত করার জন্য একটি কমিটি গঠন করার জন্য এই সভার অনুমোদন প্রয়োজন।<br>৩. চেয়ারম্যান, ৩নং মাহমুদপুর ইউনিয়ন পরিষদ, সভায় জানান যে, কৃষি অফিস হতে এমন সময় আউশ ধান বীজ কৃষকদের মধ্যে বিতরণ করা হয় যখন বন্যা চলে আসে তখন এই বীজ কৃষকের কোন কাজে আসেনা। তিনি সঠিক সময়ের মধ্যে এই বীজ বিতরণ এর জন্য সভায় অনুরোধ করেন।<br>৪. উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, এই উপজেলায় কয়েকটি এলাকায় ব্যাপক অগ্নিকান্ডের কারণে আর্থিক সহযোগিতা করা হয়, এছাড়া করোনা কালীন সময়ে, করোনা প্রতিরোধ সামগ্রী ক্রয় করা হয় এই ব্যয় ভার মেটানোর জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর "ঘ" অনুযায়ী অপ্রত্যাশিত খাতের বরাদ্দকৃত অর্থ উত্তোলনের অনুমোদন প্রয়োজন, এছাড়া অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত: এর জন্য নির্দেশিকা "ঞ" ও বর্জ্য ব্যবস্থাপনা/ পরিস্কার এর জন্য নির্দেশিকা "ভ" এবং পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রকাশনা ব্যয় পরিশোধ করার জন্য নির্দেশিকা "ব" অনুযায়ী ব্যয়ভার মিটানোর জন্য এই সভার অনুমোদন প্রয়োজন। | ১. ডিজেল চালিত গাড়ি পাওয়ার পর, মেসার্স জাবেদ ফিলিং ষ্টেশন এর বকেয়া পরিশোধ করে মেসার্স ইসলাম পেট্রোলিয়াম হতে ডিজেল সরবরাহের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিষয়টি সভায় আলোচনা করা হয়, আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসার কে তিন সদস্য বিশিষ্ট্য একটি কমিটি গঠন করে দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. সঠিক সময়ের মধ্যে আউশধানের বীজ বিতরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. বিষয়গুলো সভায় আলোচনা করা হলো, আলোচনান্তে, বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ ও উপজেলা নির্বাহী অফিসার মেলান্দহ |

চলমান পাতা -৪-

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৫. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, মেলান্দহ উপজেলার সম্প্রসারিত প্রশাসনিক ভবনের নির্মাণ কাজ শুরু করার জন্য উপজেলা সাব-রেজিস্টার অফিসের কার্যক্রম চালিয়ে নেওয়ার নিমিত্তে সাময়িক সময়ের জন্য উপজেলা শিল্পকলা একাডেমীর ০২ (দুই)টি কক্ষ ও উপজেলা পরিষদ হলরুম নির্ধারিত ভাড়া পরিশোধ সাপেক্ষে ব্যবহারের অনুমতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৫. বিষয়টি সভায় আলোচনা করা হয়, আলোচনান্তে, উপজেলা সাব-রেজিস্টার অফিস কে উপজেলা শিল্পকলা একাডেমীর ০২ (দুই)টি কক্ষ ও উপজেলা পরিষদ হলরুম নির্ধারিত ভাড়া পরিশোধ সাপেক্ষে ব্যবহার এর জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মেলান্দহ ও উপজেলা প্রকৌশলী মেলান্দহ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ কামরুজ্জামান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

তারিখ : ২৯.০৫.২০২২ খ্রি:

স্মারক নং :উপকা.মেলা.২০২২.২৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জনাব, মির্জা আজম, এমপি, ১৪০ জামালপুর-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। ............................................ সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
৫। অফিস কপি।

২৯/০৫/২২

(মোঃ সেলিম মিঞা)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

মে/২০২২ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার উপস্থিতি অনুযায়ী সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | সদস্য | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেলান্দহ | সাক্ষরিত |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ | সাক্ষরিত |
| ৩. | চেয়ারম্যান মাহমুদপুর ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ৪. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেলান্দহ | সাক্ষরিত |
| ৫. | চেয়ারম্যান, নাংলা ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ৬. | চেয়াম্যান শ্যামপুর ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ৭. | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, মেলান্দহ | সাক্ষরিত |
| ৮. | চেয়ারম্যান, আদ্রা ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ৯. | চেয়ারম্যান, ঘোষেরপাড়া ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ১০. | চেয়ারম্যান, ফুলকোচা ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ১১. | চেয়ারম্যান, ঝাউগড়া ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ১২. | চেয়ারম্যান, নয়ানগর ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৩. | উপজেলা প্রকৌশলী, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৪. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৫. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৬. | উপজেলা ফরেষ্টার, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৭. | উপজেলা প:প কর্মকর্ত, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৮. | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৯. | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, মেলান্দহ | সাক্ষরিত |
| ২০. | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ২১. | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ২২. | উপজেলা সমবায় কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৩. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৪. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৫. | উপজেলা মৎস্য কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৬. | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৭. | উপজেলা কৃষি অফিসার, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৮. | চেয়ারম্যান, চরবানিপাকুরিয়া ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৯. | উপজেলা খাদ্য কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ৩০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |

পরিশিষ্ট –খ–

| ক্রঃ নং | সদস্য | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেলান্দহ | |
| ০২ | চেয়ারম্যান, কুলিয়া ইউপি, মেলান্দহ | |